ডিজিটাইজ কৃত সেবা

| শিরোনাম | কোন সালে চালু করা হয়েছে | সংক্ষিপ্ত বিবরণ | সংশ্লিষ্ট কর্মকর্তার নাম মোবাইল ইমেইল | বর্তমান অবস্থা (সেবাটি লাইভে আছে এবং ব্যবহৃত হচ্ছে কিনা) | ভবিষ্যৎ পরিকল্পনা/ প্রস্তবনা |
|---|---|---|---|---|---|
| স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের নিবন্ধন প্রক্রিয়া | ২০২০-২১ | মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মহিলা স্বেচ্ছাসেবী সংগঠন সমূহ রেজিষ্ট্রেশন করার জন্য অনলাইনে আবেদন করতে পারবে | http://cboreg.dwa.gov.bd | লাইভে আছে এবং ৬৪টি জেলা ব্যবহৃত হচ্ছে | |

সেবা সহজিকরণ

<table>
<tr><th>শিরোনাম</th><th>কোন সালে চালু করা হয়েছে</th><th>সংক্ষিপ্ত বিবরণ</th><th>সংশ্লিষ্ট কর্মকর্তার নাম মোবাইল ইমেইল</th><th>কার্যক্রমের অগ্রগতি বাস্তবায়ন এলাকা সমস্যা (যদি থাকে)</th><th>ভবিষ্যৎ পরিকল্পনা/ প্রস্তবনা</th></tr>
<tr><td>ক্ষুদ্রঋণ সেবা</td><td>২০২০-২১</td><td>
<table>
<tr><th>পূর্বের অবস্থা</th><th>বর্তমান অবস্থা</th></tr>
<tr><td>ধাপ ১৫টি</td><td>ধাপ ৬টি</td></tr>
<tr><td>সময় ৮১ দিন</td><td>সময় ১২ দিন</td></tr>
<tr><td>ভিজিট ৩২ বার</td><td>ভিজিট ২ বার</td></tr>
<tr><td>খরচ ৪০০০/- টাকা</td><td>খরচ ১৫০০/-</td></tr>
</table>
ধাপ, সময়, যাতায়াত এবং খরচ কমার লক্ষ্যে সেবা সহজিকরণ করা হয়েছে।</td><td>লাকসানা লাকী, সহকারী পরিচালক ক্ষুদ্রঋণ</td><td>৬৪টি জেলায় কার্যক্রম চলমান</td><td>অনলাইনে ক্ষুদ্রঋণ বিতরণ</td></tr>
</table>

উদ্ভাবনী উদ্যোগ

| শিরোনাম | কোন সালে চালু করা হয়েছে | সংক্ষিপ্ত বিবরণ | সংশ্লিষ্ট কর্মকর্তার নাম মোবাইল ইমেইল | কার্যক্রমের অগ্রগতি বাস্তবায়ন এলাকা সমস্যা (যদি থাকে) | ভবিষ্যৎ পরিকল্পনা/ প্রস্তবনা |
|---|---|---|---|---|---|
| ১। অপরাজেয় নারী | ২০২০-২১ | মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ৬টি বিভাগীয় শহরে মহিলা সহায়তা কেন্দ্রে নির্যাতিত নারী ও শিশুরা যথাযথ আইনী সেবা পায় না। আশ্রয় কেন্দ্রের বোর্ডারগণ প্রচলিত (সেলাই) প্রশিক্ষণ পদ্ধতির কারণে উপকৃত হয় না। "অপরাজেয় নারী" গড়ে তোলার উদ্ভাবনী উদ্যোগের আওতায় অনধিক ১৫ দিনে অভিযোগ নিষ্পত্তি, নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ পদ্ধতি প্রচলন এবং প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধি, বোর্ডারদের স্বালবম্বী হওয়ার জন্য আর্থিক অনুদান ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা। | সহকারী পরিচালক মহিলা সহায়তা কেন্দ্র খুলনা, বরিশাল | ঢাকা, চট্টগ্রাম,বরিশাল, খুলনা, রাজশাহি এবং সিলেটের মহিলা সহায়তা কেন্দ্র | পাইলটিং কার্যক্রম সফলতার উপর ভিত্তি করে কর্মএলাকা বৃদ্ধি করা |
| ২। নির্ভয়ে পথচলা | ২০২০-২১ | শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি অভিযোগ সংক্রান্ত কোন বাক্স না থাকা এবং বিদ্যমান কমিটি সক্রিয় না থাকায় যৌন হয়রানীর শিকার স্কুলগামী মেয়েদের অভিযোগ দাখিলের সহজ ব্যবস্থা না থাকায় স্কুল থেকে ঝড়ে পড়ার হার বৃদ্ধি সহ বাল্য বিবাহের প্রবণতা বেড়ে যায়। অনেক ক্ষেত্রে মেয়েরা মানসিকভাবে বিপর্যস্থ হয়ে পড়ে। "নির্ভয়ে পথচলা" উদ্ভাবন উদ্যোগটির মাধ্যমে যৌন হয়রানী সংক্রান্ত স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন, গোপনীয়তা রক্ষা করে স্কুলগামী মেয়েদের যৌন হয়রানির হাত থেকে রক্ষা করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা। | উপপরিচালক বগুড়া, প্রোগ্রাম অফিসার নরসিংদী | রাজশাহি বিভাগের ৮টি জেলার সদর উপজেলাধীন স্কুল সমূহ | ঐ |
| ৩। আলোর ভূবনে নারী | ২০২০-২১ | নির্যাতিত নারী ও শিশুরা মানসিক ভাবে হতাশাগ্রস্থ এবং সিদ্ধান্তহীনতায় ভোগেন। সেবা প্রদানকারী সংস্থা সম্পর্কে অজ্ঞ থাকায় হয়রানির শিকার, পরনির্ভরশীল এবং বিপদগামী হয় (পাচার, দেহ ব্যবসা, মাদক ব্যবসায় জড়িত ইত্যাদি)। নারী ও শিশুদের নির্যাতনের প্রতিরোধ সেল/কমিটির মাধ্যমে নির্যাতনের প্রতিকার ব্যবস্থা নেয়া হলেও মনোসামাজিক ও কারিগরি প্রশিক্ষণ এবং ঋণ প্রদান করে তাদের স্বাবলম্বী করে তোলার ব্যবস্থা নাই। "আলোর ভূবনে নারী" উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়ন করে মনোসামাজিক কাউন্সিলিং এর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টিসেক্টরাল প্রোগ্রাম এর মাধ্যমে নির্যাতিত নারীদের মানসিকভাবে উজ্জীবিত করা। একই সাথে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের | উপপরিচালক, ফেনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছাগলনাইয়া ফেনী | চট্টগ্রাম বিভাগের ১০ টি জেলার সকল উপজেলা | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করে তোলা। | | | |
| ৪।স্কুল পর্যায়ে অভিভাবকদের নিয়ে বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিমূলক সভার আয়োজন করা | ২০১৯-২০ | স্কুল পর্যায়ের অভিভাবকগণ বাল্যবিবাহ সর্ম্পকে সচেতন নয়। সচেতনতার অভাব, দারিদ্রতা, কুসংস্কার ও ধর্মীয় গোড়ামী, সামাজিক নিরাপত্তার অভাব, দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করা, যৌন হয়রানী ইত্যাদি কারনে স্কুল পর্যায়ের ছাত্রীদের বাল্যবিবাহ সংগঠিত হচ্ছে । এর ফলে বহুবিবাহ, বিবাহ বিচ্ছেদের হার বৃদ্ধি, নারী নির্যাতনের হার বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন বাঁধাগ্রস্থ হচ্ছে। সর্বোপরি এসডিজি বাস্তবায়নে জটিলতা সৃস্টি হচ্ছে । | উপপরিচালক যশোর | খুলনা বিভাগের জেলা ও জেলাধীন সকল উপজেলা | বাস্তবায়িত |
| ৫। অফিসে আগত সেবা গ্রহিতাদের নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট সেবা প্রদানের ব্যবস্থা করা | ২০১৯-২০ | উপজেলার অফিস পাড়ায় মহিলা ও শিশু সেবা গ্রহিতাদের জন্য আলাদা ভাবে নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্যসম্বত টয়লেটের ব্যবস্থা নেই। এ অবস্থার প্রেক্ষিতে অফিসে আগত সেবা গ্রহিতাদের নিরাপদ খাবার পানি ও স্বাস্থ্য সম্মত টয়লেট সেবা প্রদানের ব্যবস্থা করা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সরাইল, বি- বাড়িয়া | ব্রাহ্মনবাড়িয়া জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |
| ৬। মোবাইল নেটওয়াকিং এর মাধ্যমে নারী ও শিশুদের প্রতরণা/নির্যাতন রোধে মা সহ ছাত্রীদের সমন্বয়ে সচেতনতামূক সভা করা | ২০১৯-২০ | তথ্য প্রযুক্তিতে দেশ এগিয়ে যাচ্ছে এবং সেই সাথে জনগনের হাতের মুঠোয় পৃথিবী। যুগোপযোগী তথ্য প্রযুক্তিতে জনগনের দোড় গোড়ায় সকল সেবা পৌছে যাচ্ছে। সেই সাথে নারী ও শিশু মোবাইল নেট ওয়ার্কিং এর অপব্যবহারে প্রতারিত/নির্যাতনের স্বীকার হচ্ছে। এ উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে স্কুল পর্যায়ের মা সহ ছাত্রীদের সমন্বয়ে মেবাইল নেটওয়াকিং অপব্যবহার সম্পর্কে সচেতনতামূলক সভা করা হচ্ছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শ্রীপুর গাজিপুর | গাজীপুর জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |
| ৭। বাল্যবিবাহ নিরোধ ঘন্টা | ২০১৯-২০ | ডিজিটাল সিস্টেমের আওতায় বাল্যবিবাহ প্রতিরোধ ।<br>"বাল্য বিবাহ নিরোধ ঘন্টা" উদ্ভাবনী উদ্যোগের আওতায় সমগ্র বাংলাদেশের প্রতিটি স্কুলের সমাবেশে শপথ আকারে একটি ইউনিক শ্লোগান **"আগে শিক্ষা পরে বিয়ে, আঠার /একুশ পার হয়ে"** পাঠ করার ব্যবস্থা গ্রহন করা হবে । | উপপরিচালক ঝালকাঠি, সাতক্ষীরা, যশোর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মহেশপুর ঝিনাইদহ | ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |
| ৮। ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় জমা সহজিকরণ | ২০১৯-২০ | উপকারভোগীদের দল গঠন করে দলনেতার মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়নের নিকটবর্তী ব্যাংক/এজেন্ট ব্যাংকে স্ব স্ব হিসাব খোলা এবং নির্ধারিত তারিখে সঞ্চয় জমা পূর্বক খাদ্য (চাল) গ্রহন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রাজাপুর ,ঝালকাঠি, ভূরুঙ্গামারী কুড়িগ্রাম, শ্রীপুর,গাজীপুর | ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯। মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজারজাত সহজিকরণ | ২০১৯-২০ | উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য বাজারজাত সহজিকরণ ”<br>উদ্ভাবনটি বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্যের গুনগত মান বজায় রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রণে “বহ্নি” নামে শপিং অ্যাপস চালু করে পন্যের বাজারজাতকরণের মাধ্যমে তৃণমূল পর্যায়ে নারীদেরকে উদ্যোক্তা হিসাবে প্রতিষ্ঠিত করা । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সিরাজদিখান মুন্সিগঞ্জ, ভাংগুরা, সুজানগর পাবনা, বাউফল পটুয়াখালি, বাসাইল টাংগাইল | ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |
| ১০ । ক্ষুদ্র নৃ- গোষ্ঠী নারীদের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও স্বাবলম্বী হতে সাহায্য করা। | ২০১৭-১৮ | দরিদ্রতা, শিক্ষার অভাব, সামাজিক অসচেতনতা, তথ্যের অপ্রতুলতা, কর্মসংস্থানের সুযোগ না থাকার ফলে ক্ষুদ্র নৃ - গোষ্ঠী নারীরা পারিবারিক ও সামাজিক ভাবে বৈষম্যের স্বীকার হয়। যার ফলে এক দিকে যেমন সামাজিক নিরাপত্তার অভাব ঘটে, পারিবারিক নির্যাতনের স্বীকার হয় সেই সাথে যৌতুকসহ বাল্যবিবাহ বিচ্ছেদের প্রবণতা বৃদ্ধি পায়। এই উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নারীদের(১৮-৫০) বছর ট্রেড ভিতিতিক প্রশিক্ষণ প্রদান, ঋণ প্রদান করা হবে। ফলে সক্ষমতা বৃদ্ধি সহ অর্থনৈতিক ভাবে সাবলম্বি হবে সেই সাথে সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বাল্য বিবাহ, যৌতুক, পারিবারিক নির্যাতন সহ বিবাহ বিচ্ছেদের হার হ্রাস পাবে। | উপপরিচালক, নাটোর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট | সিলেট, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোন ,শেরপুর, বান্দরবান, খাগড়াছড়ি, রাংগামাটি, সিরাজগঞ্জ, দিনাজপুর, রাজশাহি ও টাঙ্গাইল | ঐ |
| ১১। ভিজিডি উপকারভোগী মহিলাদের স্বাস্থ্য সচেতনতা ও স্বাস্থ্যসেবা প্রদান | ২০১৭-১৮ | ৪০-৫০ বছরের ভিজিডি উপকারভোগীদের মধ্যে স্বাস্থ্য বিষয়ক সচেতনতা অভাব, প্রচারনার অভাব স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে অপ্রতুলতা অসুস্থ থাকায় পরনির্ভরশীলতা বৃদ্ধি এবং পরিবারের সদস্যদের অশান্তি সৃস্টি হয়। এ অবস্থার প্রেক্ষিতে এই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক ওয়ার্ড ভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান করা। খাদ্য বিতরণের তারিখ এসএমএস এর মাধ্যমে জানানো, নির্ধারিত তারিখে উপজেলা স্বাস্থ্য দপ্তরের ডাক্তারের মাধ্যমে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য সচেতন করা হবে। খাদ্য বিতরণের সাথে স্বাস্থ্য সেবা দেয়া হবে। | উপপরিচালক, নারায়ণগঞ্জ | ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ১২ জেলার সকল উপজেলা | ঐ |
| ১২। হাওর অঞ্চলে মৌসুম ভিত্তিক ঝুকিপূর্ণ পরিবারকে চিহ্নিত করে প্রশিক্ষণ ও আয়বর্ধক কার্মকান্ডে সম্পৃক্ত করণ। | ২০১৭-১৮ | মৌসুম ভিত্তিক বেকারত্বের কারণে বা হাওরের জলাবদ্ধতার কারণে (পানিবৃদ্ধি/ বন্যা/ অতি বন্যা) ঝুকিঁপূর্ণ পরিবার চিহ্নিত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি, আত্ন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্রতা হ্রাসসহ নারীর প্রতি সহিংসতা হ্রাস করা। ফলে এই উদ্যোগ গ্রহণে নারীর ক্ষমতায়ন ও আত্ম নির্ভরশীল হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ সুনামগঞ্জ এবং নেত্রকোনা জেলার সকল উপজেলা, ব্রাক্ষনবাড়িয়া এর নবীনগর, নাছিরনগর এবং গোপালগঞ্জ এর সদর উপজেলা | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। আগ্রহী যৌন পল্লীর যৌনকর্মী ও তাদের শিশু কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ, শিক্ষা ও পুনবার্সন এর ব্যবস্থা করা | ২০১৭-১৮ | যৌনকর্মে নিযুক্ত যৌনকর্মীরা সমাজ হতে বিচ্যুত। তারা স্বাস্থ্য সেবা ,সুস্থ সামাজিক জীবন হতে বিচ্যুত। এক কারণে তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরে এনে আয়বর্ধক মুলক কর্মে সম্পৃক্ত করার জন্যই এই আইডিয়া নেয়া হয়েছে। শিশু এবং কিশোর, কিশোরী যারা যৌনপল্লীতে বর্তমানে অবস্থান করছে তারা সবচেয়ে ঝুকিপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে মাদকের আসক্তি, অসামাজিক ক্রিয়াকালাপে এ সকল শিশু কিশোর জড়িত হয়ে পড়েছে। এ কারনে সচেতনতা মুলক প্রশিক্ষণ, আত্মা নির্ভরশীল অথ্যাৎ আয়বর্ধক মুলক কর্মে সম্পৃক্ত করে তাদেরকে পূর্নবাসনের ব্যবস্থা করা জরুরী প্রয়োজন।<br>যৌনকর্মীদের মধ্যে আত্মাবিশ্বাস ও মনোবল বৃদ্ধি করার জন্য সচেতনতা মুলক প্রশিক্ষণ প্রদান কাউন্সিলিং করে উদ্বুদ্ধ করা।<br>বিভিন্ন দপ্তর যেমন স্বাস্থ্য, শিক্ষা, সমাজ সেবা অধিদপ্তর এর সাথে লিঙ্ক তৈরি করে একযোগে কাজ করা।<br>যে সমস্ত যৌনকর্মী সুস্থ সামাজিক জীবনে ফিরে আসতে চান তাদেরকে সেভ হোমের ব্যবস্থায় এনে প্রশিক্ষণ/ঋণ প্রদান করতে হবে। প্রশাসন,স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিদের নিয়ে সভা সহ উদ্বুদ্ধকরণ করতে হবে। | উপপরিচালক, রাজবাড়ী | | ঐ |
| ১৪। আত্মহত্যা প্রতিরোধে ঝুকিপূর্ণ কিশোর কিশোরী নারী পুরুষদের কাউন্সেলিং, প্রশিক্ষণ প্রদান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি। | ২০১৭-১৮ | এ উদ্ভাবনের মাধ্যমে দরিদ্র, বেকারত্ব, হতাশাগ্রস্থ, মাদকাসক্তদেরকে বিভিন্ন ধরনের সভা, কাউন্সিলিং, প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মসংস্থানের উপযোগী করে তোলা এবং আত্মহত্যার প্রবণতা হতে বের করে আনা। | উপপরিচালক, খুলনা<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর,শরণখোলা, বাগেরহাট, বাঘারপাড়া ,যশোর | খুলনা বিভাগের ১০ টি জেলা | ঐ |
| ১৫। নির্যাতিত এবং ঝুকিপূর্ণ মেয়ে শিশু শ্রমিকদের স্কুলগামী করা এবং কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা। | ২০১৭-১৮ | দরিদ্রতা,সচেতনতার অভাব,শিক্ষার অভাব এবং ঝরে পড়ার কারণে ঝুঁকিপূর্ণ কাজে মেয়ে শিশুদের অন্তর্ভূক্তি দিনদিন বৃদ্ধি পাচ্ছে এবং নির্যাতিত হচ্ছে। পরিণতিতে মেয়ে শিশুরা শিক্ষা থেকে, আত্ম কর্মসংস্থানের সুযোগ থেকে বঞ্চিত। এই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভিন্ন কারিগরি ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হলে<br>অকাল মৃত্যু, বাল্যবিবাহ রোধ হবে এবং কর্মসংস্থানের সৃষ্টি হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পীরগাছা, মিঠাপুকুর রংপুর | রংপুর বিভাগের ৮টি জেলার সকল উপজেলা | ঐ |
| ১৬। নারীর ক্ষমতায়ন মানবতার উন্নয়ন | ২০১৭-১৮ | স্বামী পরিত্যাক্তা. বিধবা ও তালাকপ্রাপ্তা মহিলারা নারী নির্যাতন, মানব পাচার, পতিতাবৃত্তি ও আত্মহত্যা সহ বিভিন্ন ধরণের নির্যাতনের শিকার হয়। অন্যদিকে তাদের সন্তানরা শিশু নির্যাতন, শিশু পাচার, অনৈতিক কার্যকলাপ, মাদকাসক্ত ও সন্ত্রাসী হওয়ার ঝুকিতে থাকে।<br>আইডিয়া বাস্তবায়নের পর বিধবা, স্বামী পরিত্যাক্তা ও তালাকপ্রাপ্তা মহিলারা যারা সমাজের বোঝা/ নিগৃহীত তারা অর্থনৈতিকভাবে | উপরিচালক মাগুড়া | খুলনা বিভাগের ১০টি জেলার সকল উপজেলা | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | স্বাবলম্বী হয়ে সমাজে সম্মানের সাথে বাঁচতে পারবে। মহিলাদের অর্থনৈতিক ভাবে আত্মনির্ভরশীল করার মাধ্যমে তাদের সন্তানদের সুনাগরিক হিসাবে গড়ে তোলার সুযোগ সৃস্টি হবে। তাদের শিশুরাও আর দশজন স্বাভাবিক শিশুর মত স্বাভাবিক পরিবেশে বেড়ে উঠতে পারবে । দেশের উন্নয়নে ভূমিকা রেখে তারা হতে পারবে দেশের উন্নয়নের একজন গর্বিত অংশীদার। | | | |
| ১৭। লিংকেজ করবো সাবলম্বী করবো | ২০১৭-১৮ | মূলধন এবং উৎপাদিত পণ্যের বিক্রয়ের সুযোগ না থাকায় তৃণমূল পর্যায়ের মহিলারা স্বনির্ভর হতে পারছে না। ঋণ প্রদান এবংবিক্রয়ের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে মহিলাদেরকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করা হবে। | উপরিচালক যশোর | খুলনা বিভাগের ১০টি জেলার সকল উপজেলা | ঐ |
| ১৮। ক্ষুদ্রঋণ সেবা সহজিকরণ | ২০১৭-১৮ | গ্রামীণ নারীরা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ শেষ করে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করে আত্মকর্মসংস্থানের জন্য ঋণ নিতে আগ্রহী হয়। তবে এ ব্যাপারে তারা কোনো তথ্যই জানেনা। ফলে বিভিন্ন তথ্য জানা থেকে শুরু করে ঋণের আবেদন করা এবং ঋণ গ্রহন পর্যন্ত কয়েকবার জেলা মহিলা বিষয়ক কার্যালয়ে যাতায়াত করে সময় ও আর্থিক ক্ষতির/হয়রানির সম্মুখীন হয়ে ঋণগ্রহনে আগ্রহ হারিয়ে ফেলে।এমনকি ঋণের টাকার সময়মত ব্যবহার এবং ঋণের কিস্তি পরিশোধে বিলম্ব হয়। এ অবস্থা উত্তেরণের লক্ষ্যে এই উদ্ভাবনী উদ্রেঅগ গ্রহণ করা হয়। | উপরিচালক নোয়াখালি | চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার সকল উপজেলা | ঐ |
| ১৯। নারী পুরুষের সমন্বয়ে উঠান বৈঠক এর মাধ্যমে সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। | ২০১৭-১৮ | এই উদ্যোগের মাধ্যমে পুরুষদেরকে উঠান বৈঠকের আওতায় আনা, পুরুষদের সুবিধাজনক সময়ে উঠান বৈঠকের আয়োজন করা নারীর মৌলিক অধিকারের উপর গুরুত্ব আরোপ করা, সচেতনতা সৃষ্টি ও সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তানে সহযোগিতা করা। নারীর --পুরুষকে এক অন্যের পরিপূরক হিসেবে সহযোগিতা প্রদান। সর্বোপরি নারীর ক্ষমতায়নে ও সিদ্ধান্তে সহযোগিতা করা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাখাই, হবিগঞ্জ | ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |
| ২০। ৫১-৬১ বছর বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ। | ২০১৭-১৮ | শিক্ষার অভাব,অসচেতনতা, অজ্ঞতা, দরিদ্রতা দূর্বল পারিবারিক বন্ধন এবং একক পরিবার গঠনের প্রবণতার বৃদ্ধি পাওয়ার কারণে ৫১-৬১ বয়সী দু:স্থ ও অবহেলিত গ্রামীণ নারীদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাভুক্ত না হওয়ায় অবহেলিত অস্বাস্থ্যকর জীবন যাপন করে। আশ্রয়হীন হয়ে পড়ে এবং বিষন্নতায় ভোগে । একসময় নিজেকে সমাজের বোঝা মনে করে ভিক্ষা বিত্তিতে জড়িয়ে পড়ে। এ প্রেক্ষিতে উদ্বাবনী উদ্যোগের মাধ্যমে ইত:মধ্যে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কালিয়াকৈর, গাজীপুর দোহার, ঢাকা | ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | যারা বিভিন্ন বিষয়ে দক্ষ কিন্তু কাজের সুযোগ পাচ্ছেন না তাদেরকে দক্ষতা অনুযায়ী আর্থিক ও অন্যান্য সুবিধা দেওয়া হবে, বিষয়ক ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হবে। | | | |
| ২১। জয়িতা জয়যাত্রা (নির্বাচিত জয়িতাদের সাথে নেটওয়ার্কিং তৈরির প্রয়াস) | ২০১৭-১৮ | প্রতি বছর উপজেলা পর্যায়ে থেকে নির্বাচিত জয়িতাদের একটি ফোরামে যুক্ত করা হয় এই জয়িতাদের মাধ্যমে স্থানীয়ভাবে বাল্য বিয়ে প্রতিরোধ, কণ্যা শিশু শিক্ষা গ্রহণ উদ্বুদ্ধকরণ, ক্ষুদ্র উদ্যোক্তাদের পরামর্শ প্রদান, নির্যাতিত নারীদের আত্ম বিশ্বাস বাড়ানো সহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এর ফলে জয়িতা মর্যাদা ও সম্মান প্রাতিষ্ঠানিক রূপ পাবে। জয়িতারা স্থানীয় রোলমডেল হিসেবে বিবেচিত হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি, সৈয়দপুর ,নীলফামারী | নীলফামারী জেলার সকল উপজেলা | ঐ |